

## India protests efforts to bring material change in Pakistan occupied territories and asks Pakistan to vacate them

May 04, 2020

পাকিস্তান অধিকৃত অঞ্চলে মুখ্য পরিবর্তন আনার প্রচেষ্টাতে ভারত প্রতিবাদ করেছে এবং পাকিস্তানকে জায়গা খালি করে দিতে বলেছে।

মে 20.2020

ভারত পাকিস্তানের বরিষ্ঠ কূটনীতিককে অপসারিত করেছে এবং তথাকথিত “গিলগিট-বালিস্তান”-এর উপরে পাকিস্তানের সর্বোচ্চ ন্যায়ালয়ের রায়ের জোরালো প্রতিবাদ দায়ের করেছে।

পরিস্কার করে বলা হয়েছে যে, সম্পূর্ণভাবে আইনত এবং অপরিবর্তনীয় অন্তর্ভুক্তির বলে গিলগিট ও বালিস্তান সহ কেন্দ্র শাসিত সমগ্র জম্মু ও কাশ্মীর এবং লাদাখ ভারতের একটি অবিচ্ছেদ্য অংশ। বেআইনিভাবে এবং বলপূর্বক অধিকার করে রাখা এই অঞ্চলের উপরে পাকিস্তান সরকার বা এর বিচার ব্যবস্থার কোনরকমের স্থিত্যধিকার নেই। পাকিস্তান অধিকৃত ভারতের জম্মু ও কাশ্মীর অঞ্চলে কোন রকমের মুখ্য পরিবর্তন আনার ক্রমাগত প্রচেষ্টা এবং এই ধরনের ক্রিয়াকলাপকে ভারত সম্পূর্ণরূপে নস্যাৎ করেছে। এর পরিবর্তে পাকিস্তানের উচিত বেআইনিভাবে দখল করে থাকা সমগ্র এলাকা এখনই খালি করে দেওয়া।

আরও জানানো হয়েছে যে, এই ধরনের ক্রিয়াকলাপ না পাকিস্তান দ্বারা কেন্দ্র শাসিত জম্মু ও কাশ্মীর এবং লাদাখ অঞ্চলকে বেআইনিভাবে অধিকার করে রাখাকে আড়াল করে রাখতে পারে, না তো গত সাত দশক ধরে পাকিস্তান অধিকৃত অঞ্চলের জনগণের মানবাধিকার লঙ্ঘন, শোষণ ও স্বাধীনতাহরণকে আড়াল করে রাখতে পারে।

এই বিষয়ে ভারত সরকারের অবস্থানের প্রতিফলন 1997 সালে সংসদে সর্বসম্মতিক্রমে গৃহীত প্রস্তাবে রয়েছে।

নিউ দিল্লি

মে,04,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.